

💵 মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ১৬০

মুসনাদে উমার ইবনুল খাত্তাব (রাঃ) [উমারের বর্ণিত হাদীস] (مسند عمر بن الخطاب)

আরবী

حَدَّثَنَا ابْنُ أَبِي عَدِيٍّ، عَنْ حُمَيْد، عَنْ أَنسٍ، قَالَ: قَالَ عُمَرُ: وَافَقْتُ رَبِّي عَزَّ وَجَلَّ فِي ثَلاثٍ _ قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللهِ، لَوِ اتَّخَذْتَ الْمَقَامَ مُصلًى ؟ قَالَ: قَأَنْزَلَ اللهُ عَزَّ وَجَلَّ: (وَاتَّخِذُوا مِنْ مَّقَامِ إِبْرَاهِيمَ مُصلَلًى) ، وَقُلْتُ: لَوْ مُصلًى ؟ قَالَ: فَأَنْزِلَتْ آيَةُ الْحِجَاب، مُصلًى ؟ قَالَ: فَبَلْغَنِي عَنْ أُمَّهَاتِ الْمُؤْمِنِينَ، فَإِنَّهُ يَدْخُلُ عَلَيْكَ الْبَرُّ وَالْفَاجِرُ؟ فَأُنْزِلَتْ آيَةُ الْحِجَاب، قَالَ: وَبَلَغَنِي عَنْ أُمَّهَاتِ الْمُؤْمِنِينَ شَيْءٌ فَاسْتَقْرَيْتُهُنَّ أَقُولُ لَهُنَّ: لَتَكُفُّنَّ عَنْ رَسُولِ اللهِ قَالَ: وَبَلَغَنِي عَنْ أُمَّهَاتِ الْمُؤْمِنِينَ شَيْءٌ فَاسْتَقْرَيْتُهُنَّ أَقُولُ لَهُنَّ: لَتَكُفُّنَّ عَنْ رَسُولِ اللهِ صلَلَى اللهُ عَلَيْهِ وَسَلَّم، أَوْ لَيُبْدِلَنَّهُ اللهُ بِكُنَّ أَزْوَاجًا خَيْرًا مِنْكُنَّ مُسْلِمَات، حَتَّى أَتَيْتُ عَلَى إِحْدَى أُمَّهَاتِ الْمُؤْمِنِينَ، فَقَالَتْ: يَا عُمَرُ، أَمَا فِي رَسُولِ اللهِ صلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّم عَلَيْهِ وَسَلَّم عَلَيْهُ وَسَلَّم عَلَيْه وَسَلَّم عَلَيْهُ وَسَلَّم عَنْ وَجَلَّ: (عَسَى رَبُّهُ إِنْ طَلَقَكُنَ أَنْ لَا اللهُ عَزَّ وَجَلَّ: (عَسَى رَبُّهُ إِنْ طَلَقَكُنَ أَنْ لَى اللهُ عَزَّ وَجَلَّ: (عَسَى رَبُّهُ إِنْ طَلَقَكُنَ أَنْ لَى اللهُ عَزَّ وَجَلَّ: (عَسَى رَبُّهُ إِنْ طَلَقَكُنَ أَنْ لَى اللهُ عَزَّ وَجَلَّ: (عَسَى رَبُّهُ إِنْ طَلَقَكُنَ أَنْ لَي يُعِظُ نِسَاءَهُ حَتَّى تَعِظَهُنَ؟ فَكَفَفْتُ مُ فَأَنْزَلَ اللهُ عَزَّ وَجَلَّ: (عَسَى رَبُّهُ إِنْ طَلَقَكُنَ أَنْ

إسناده صحيح على شرط الشيخين. ابن أبي عدي: هو محمد بن إبراهيم بن أبي عدي وأخرجه الطبري 1 / 534 من طريق ابن أبي عدي، بهذا الإسناد. وقد تقدم برقم (157)

বাংলা

১৬০। আনাস (রাঃ) থেকে বর্ণিত। উমার (রাঃ) বলেছেন, আমি আমার প্রতিপালকের সাথে তিনটি বিষয়ে (আগাম) একমত হয়েছি। প্রথমতঃ আমি বলেছিঃ ইয়া রাসূলাল্লাহ! আমরা মাকামে ইবরাহীমের অন্তর্ভুক্ত কোন জায়গাকে নামায পড়ার স্থান বানালে ভালো হতো। এর অব্যবহিত পরেই এ আয়াত নাযিল হয়ঃمُصَلًى وَاتَّخِذُوا مِنْ مُقَامِ إِبْرُاهِيمَ "মাকামে ইবরাহীমের কোনএকটি স্থানকে নামাযের জায়গা হিসাবে গ্রহণ কর।" (আল-বাকারাঃ ১২৫) দ্বিতীয়তঃ আমি বলেছিলাম, ইয়া রাসূলাল্লাহ, আপনার স্ত্রীদের নিকট সৎ অসৎ নির্বিশেষে সকল শ্রেণীর লোকেরা যাওয়া আসা করে। কাজেই তাদেরকে যদি পর্দায় থাকার আদেশ দিতেন ভালো হতো। এর অব্যবহিত পর পর্দার আয়াত নাযিল হলো।



হাদীস নং ১৫৭ দ্রস্টব্য ৷অতিরিক্ত অংশ হলঃ

উমার (রাঃ) বলেন, (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে) উম্মুল মুমিনদের (অভিমানের) বিষয়টা আমার কানে পৌছলে আমি রাসূলের স্ত্রীদের বললাম, তোমরা যদি রাসূলে সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে অভিমান বন্ধ না কর, তবে আল্লাহ তাকে তোমাদের চেয়ে ভালো মুসলিম স্ত্রী দান করবেন। অতঃপর আমি উম্মূল মুমিনীনদের একজনের নিকট এলে তিনি আমাকে বললেন, হে উমার, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে কি তার স্ত্রীদেরকে দেয়ার মত উপদেশ নেই যে, আপনি উপদেশ দিতে এসেছেন? এ কথা শুনে আমি চুপ করলাম। এরপর মহান আল্লাহ এই আয়াত নাখিল করলেনঃ مُشْرُا أَنْ يُبْدِلُهُ أَنْ يُبْدِلُهُ أَنْ وَاجًا خَيْرًا مِنْكُنَ قَالِتَ مَوْمِنَاتٍ قَانِتَاتٍ مُشْلِمَاتٍ مُوْمِنَاتٍ قَانِتَاتٍ পরিবর্তে তোমাদের চেয়েও উত্তম, মুসলিম, মুমিন, অনুগত স্ত্রী দেবেন।"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন